



পত্র সংখ্যা ০৩.১০.২৬১০.০১৪.০৭.০০৪.২০২৪-১৩

D.R. (ACA-5)
23/04/28

২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) উচ্চ শিক্ষাবৃত্তি বিজ্ঞপ্তি

বিষয়: বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচির আওতার সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি-২০২৪ এর আবেদন আহ্বান।

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নধীন 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতার সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্তদের সহায়তা প্রদানের লক্ষ্যে সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়/সমতুল্য পর্যায়ে অধ্যয়নরত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য অনলাইনে সরাসরি আহ্বান করা যাচ্ছে (ওয়েব পোর্টাল ঠিকানা: empl.pmo.gov.bd):

আবেদনের শর্তাবলী:

- ১। আবেদনকারী শিক্ষার্থীদের অবশ্যই বাংলাদেশের সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত নাগরিক হতে হবে। এক্ষেত্রে আবেদনকারী পার্বত্য চট্টগ্রাম ব্যতীত রোশামাটি, বাঙ্গরবান ও বাঙ্গড়াছড়ি অন্য যে কোন জেলার স্থায়ী বাসিন্দা হতে পারেন;
- ২। আবেদনকারী শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- ৩। কেবল ২০১৪ খ্রি. ও তার পরবর্তীতে এক্সএসসি/সমমানের পাশকর্তাই এ বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- ৪। কোন ধরনের সরকারি চাকুরিতে কর্মরত কেউ আবেদন করতে পারবে না;
- ৫। কোন ডফসিপি ব্যাংকে আবেদনকারীর নিজ নামে একটি সঞ্চয়ী হিসাব নম্বর (কমপক্ষে ১৩ ডিজিটের) থাকতে হবে এবং এ সঞ্চয়ী হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংকের শাখার রাউটিং নম্বর (routing number) অনলাইনে আবেদনের যথাযথ স্থানে প্রদান করতে হবে;
- ৬। অনলাইনে আবেদন ফরমে প্রয়োজনীয় সকল তথ্যাদি যথাযথভাবে প্রদান করতে হবে। আবেদনকারীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট বোর্ডের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে যাচাই করে নেয়া হবে;
- ৭। আবেদনকারীকে আগামী ০৪/০৪/২০২৪ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে ১৫/০৫/২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে empl.pmo.gov.bd-এ ওয়েব পোর্টালে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন স্বতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে না। অনলাইনে আবেদনের পর আবেদনকারী একটি ১২ ডিজিটের ইউনিক ইউজার আইডি ও ৬ ডিজিটের পাসওয়ার্ড পাবে। আবেদনটি যথাযথভাবে দাখিল হলে আবেদনকারী কর্তৃক আবেদন প্রদত্ত মেইলিং নম্বরে একটি স্বয়ংক্রিয় এসএমএস-এর মাধ্যমে তা নিশ্চিত করা হবে। মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত শিক্ষার্থীর আবেদনে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে। এক্ষেত্রেও আবেদনকারীকে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে;
- ৮। অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নিয়মাবলী ও প্রয়োজনীয় সকল তথ্য empl.pmo.gov.bd ওয়েব পোর্টালে পাওয়া যাবে;
- ৯। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট/কামজপত্র স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে:
 - ক) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ২০২২ বা তৎপরবর্তীকালে ইস্যুকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরমেটে);
 - খ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত পরিচয়পত্র/প্রত্যয়নপত্র;
 - গ) আবেদনকারীর নিজ নামের ব্যাংকের চেক বইয়ের প্রথম পাতার (cover page) স্ক্যান কপি।

০৩ ০৪ ২০২৪
(দােশ সরকার)
গবেষণা কর্মকর্তা
(সিনিয়র সহকারী সচিব)
ফোন: ৫৫০২৯৫৩০

স্মারক নং- রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/- ১১১১৬ - ৩৫

তারিখঃ ১১/১/১৪৩১
২৪/৪/২০২৪